

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯০২

১/ বিবিধ

আরবী

إياكم والحسد، فإن الحسد يأكل الحسنات كما تأكل النار الحطب
ضعيف

رواه عبد بن حميد في " المنتخب من المسند " (153 – 154) والبخاري في " التاريخ
" (1 / 1 / 272) وأبو داود (2 / 4903) وابن بشران في " الأمالي " (2 / 143) و183 /
1) وأبو بكر الكلاباذي في " مفتاح المعاني " (2 / 376) عن إبراهيم بن أبي أسيد عن
جده عن أبي هريرة مرفوعا. وقال البخاري: " لا يصح ". قلت: ورجاله موثقون غير
جد إبراهيم وهو مجهول لأنه لم يسم

বাংলা

১৯০২। তোমরা হিংসা থেকে তোমাদেরকে বাঁচিয়ে রাখ। কারণ হিংসা সৎকর্মগুলোকে খেয়ে ফেলে যেমন আগুন কাঠকে খেয়ে ফেলে।

হাদীসটি দুর্বল।

এটিকে আব্দু ইবনু হুমায়েদ "আলমুস্তাখাব মিনাল মুসনাদ" গ্রন্থে (১৫৩-১৫৪), বুখারী "আততারীখ" গ্রন্থে (১/১/২৭২), আবু দাউদ (২/৪৯০৩), ইবনু বিশরান "আলআমলী" গ্রন্থে (২/১৪৩, ১/১৮৩) ও আবু বাকর কালাবায়ী "মিফতাহুল মায়ানী" গ্রন্থে (২/৩৭৬) ইবরাহীম ইবনু আবী উসায়েদ হতে, তিনি তার দাদা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। ইমাম বুখারী বলেনঃ হাদীসটি সহীহ নয়।

আমি (আলবানী) বলছিঃ ইবরাহীমের দাদা ছাড়া অন্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তিনি মাজহুল, কারণ তার নাম নেয়া হয়নি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72785>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন